

স্মারক নং- ১৩.০১.৪৬০০.০০৩.৫৭.০০৪.২৪- ৮৩৮

তারিখ : ২৮/১০/২০২৪ খ্রি:


খাগড়াছড়ি পৌর এলাকায় ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খাদ্য মন্ত্রণালয়ের ০৮/১০/২০২৪ খ্রি: তারিখের ২০২ নং স্মারকে জারীকৃত খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০২৪ খ্রি: ও ০৯/১০/২০২৪ খ্রি: তারিখের ২০৫ নং স্মারকে জারীকৃত পরিপত্র এবং ২৭/১০/২০২৪ খ্রি: তারিখে অনুষ্ঠিত জেলা ওএমএস কেন্দ্র ও ডিলার নির্বাচন কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে ওএমএস কার্যক্রমে খাদ্যশস্য বিক্রয়ের জন্য খাগড়াছড়ি সদর পৌর এলাকায় ৯ টি ওয়ার্ডে ১২ টি বিক্রয় কেন্দ্রে ওএমএস ডিলার নিয়োগ করা হবে। ওএমএস ডিলার হিসেবে নিয়োগে আগ্রহী নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানকে আগামী ৩০/১০/২০২৪ খ্রি হতে ০৭/১১/২০২৪ খ্রি: তারিখ পর্যন্ত যে কোন কর্মদিবসের সকাল ১০.০০ ঘটিকা হতে বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে কোড নং- “১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২৯৯ অন্যান্য আদায়” খাতে ট্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে ফি বাবদ ৫০০/- টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে চালানোর ফটোকপি অত্র কার্যালয়ে লাইসেন্স শাখায় দাখিল করে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে অত্রকার্যালয়ের লাইসেন্স শাখা হতে চালান পাশ করে নিতে হবে। প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্ধারিত ফরমে আবেদনপত্র আগামী ১০/১১/২০২৪ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ৩.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে স্থাপিত বাক্সে দাখিল করতে হবে। উল্লেখ্য, আবেদনের সাথে চালানোর মূলকপি দাখিল করতে হবে। অত্রকার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত আবেদন ফরম ব্যতীত অন্য কোন ছকে/ফরমে দাখিলকৃত আবেদন গ্রহণযোগ্য হবে না। তাছাড়া, নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

ওএমএস ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনকারীর নিম্নোক্ত যোগ্যতা থাকতে হবেঃ-

- ১) বাংলাদেশের জাতীয় পরিচয়পত্র প্রাপ্ত ১৮ বছরের উর্দে যে কোন নাগরিক আবেদন করতে পারবেন;
- ২) খাগড়াছড়ি পৌরসভার হালনাগাদ ট্রেড লাইসেন্সধারী ব্যবসায়ী হতে হবে;
- ৩) আবেদনকারীকে খাদ্যশস্যের লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী হতে হবে;
- ৪) আবেদনকারীর কমপক্ষে ০৩(তিন) মে.টন খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে;
- ৫) মালামালের হিসাব সংরক্ষণের সক্ষমতা থাকতে হবে;
- ৬) নিজস্ব ব্যবস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ৭) খাদ্য অধিদপ্তরের কোন ডিলার/মিলার/ঠিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত, কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশিপ বাতিল হলে তিনি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৮) খাদ্য অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন কোন পরিবহন ঠিকাদার, শ্রম ও হস্তার্পণ ঠিকাদার, মিলার ও খাদ্যবান্ধব ডিলার হিসাবে কর্মরত কোনো ব্যক্তি তাঁর উপর নির্ভরশীল কেউ এ কার্যক্রমের ডিলার হতে পারবেন না।
- ৯) প্রজাতন্ত্রের লাভজনক পদে অধিষ্ঠিত কোনো কর্মকর্তা/কর্মচারী/জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১০) কোনো ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে “নিজ ডিলারশিপ ব্যতীত অন্য কোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না” মর্মে অঙ্গীকারনামা আবেদনের সাথে দাখিল করতে হবে; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে;
- ১১) ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন/তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে;
- ১২) খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা, ২০১৫ অনুযায়ী লাইসেন্সপ্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন।
- ১৩) আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- ১৪) আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে। অত্র কার্যালয় হতে আবেদন পত্রের সাথে বিক্রয় কেন্দ্রের তালিকা সরবরাহ করা হবে।
- ১৫) এক ব্যক্তি/প্রতিষ্ঠান একাধিক কেন্দ্রে ওএমএস ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন না। যদি কেহ একাধিক কেন্দ্রে ডিলার হিসেবে নিয়োগের জন্য আবেদনপত্র দাখিল করেন তাহলে তার সকল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৬) আবেদনপত্র একটি মুখবন্ধ খামে ভরে দাখিল করতে হবে। খামের উপরিভাগে যে বিক্রয় কেন্দ্রের জন্য ডিলার হতে আগ্রহী সেই বিক্রয় কেন্দ্রের ওয়ার্ড/এলাকা/স্থানের নাম (আবেদনপত্রের সাথে সংযুক্ত কেন্দ্রের নাম) উল্লেখ করতে হবে। খামের বাম পার্শ্বে আবেদনকারীর নাম ও ঠিকানা এবং ডান পার্শ্বে প্রাপক তথা জেলা খাদ্য নিয়ন্ত্রক ও সদস্য সচিব, জেলা ওএমএস বিক্রয় কেন্দ্র ও ডিলার নির্বাচন কমিটি, খাগড়াছড়ি পার্বত্য জেলা উল্লেখ করতে হবে।

ডিলার নির্বাচনের ক্ষেত্রে জেলা ওএমএস কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে বিস্তারিত তথ্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।



(রূপান্তর চাকমা)

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

ও

সদস্য-সচিব

জেলা ওএমএস কমিটি

খাগড়াছড়ি পার্বত্য জেলা

[dcf.kgr@dgfood.gov.bd](mailto:dcf.kgr@dgfood.gov.bd)

ফোন: ০২-৩৩৩৪৩৮৬০